D:\Unicode\Award\Jury Board.doc 2015.doc/1

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য মন্ত্রণালয়
চলচ্চিত্র অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moi.gov.bd

নং-১৫.০০.০০০০.০২৭.২৩.০২৩.১৬.৬৪৩

তারিখঃ ২৪ আশ্বিন ১৪২৩ / ০৯ অক্টোবর ২০১৬

## প্রজ্ঞাপন

২০১৫ সালের জাতীয় চলচ্চিত্র পুরস্কার প্রদানের উদ্দেশ্যে নীতিমালা অনুযায়ী ২০১৫ সালে মুক্তিপ্রাপ্ত চলচ্চিত্রগুলো মূল্যায়ন করে পুরস্কার প্রাপকদের নাম সুপারিশ করার জন্য নিম্নলিখিত সদস্যদের সমন্বয়ে জুরি বোর্ড গঠন করা হলো:

| | | |
|---|---|---|
| ১. | জনাব সরাফ উদ্দিন আহমেদ, অতিরিক্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, ঢাকা। | সভাপতি |
| ২. | জনাব মোঃ মনজুরুর রহমান, অতিরিক্ত সচিব (প্রশাসন ও চলচ্চিত্র), তথ্য মন্ত্রণালয়, ঢাকা। | সদস্য |
| ৩. | অধ্যাপক ড. শফিউল আলম ভূঁইয়া, চেয়ারম্যান, ডিপার্টমেন্ট অব টেলিভিশন এন্ড ফিল্ম স্টাডিজ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা। | সদস্য |
| ৪. | জনাব মতিন রহমান, চলচ্চিত্র পরিচালক, ইয়া আল্লাহ, ১২/১৩ ইকবাল রোড (১ম তলা), মোহাম্মদপুর, ঢাকা। | সদস্য |
| ৫. | জনাব সুজেয় শ্যাম, সংগীত পরিচালক, বাসা নং-৬৪ (৩য় তলা), ব্লক-এ, রোড-৬, পল্লবী, মিরপুর-১২, ঢাকা। | সদস্য |
| ৬. | জনাব পংকজ পালিত, চিত্রগ্রাহক, হাউজ ও প্লট-৪০, ফ্ল্যাট-৭/বি, রোড-০১, শেখের টেক, পিসি কালচার সোসাইটি, আদাবর, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭ | সদস্য |
| ৭. | জনাব এম এ আলমগীর, চলচ্চিত্র অভিনেতা, ড্রীম, ২/৪, ব্লক-এ, মোহাম্মদপুর হাউজিং, মিরপুর রোড, ঢাকা। | সদস্য |
| ৮. | মিজ রেজওয়ানা চৌধুরী বন্যা, সংগীত শিল্পী, এপার্টমেন্ট মিতালী, ২/৭ ব্লক-বি, লালমাটিয়া, ঢাকা। | সদস্য |
| ৯. | জনাব কেরামত মওলা, শিল্প নির্দেশক, ৮/ই/২, বেইলী হাইট, ২নং নওরতন কলোনী, নিউ বেইলী রোড, ঢাকা। | সদস্য |
| ১০. | জনাব চিন্ময় মুৎসুদ্দি, চলচ্চিত্র সাংবাদিক ও গবেষক, আর্কেডিয়া, গ্রোব, বাড়ি-৬, রোড-১৫ (নতুন), ২৮ (পুরাতন), ধানমন্ডি, ঢাকা। | সদস্য |
| ১১. | জনাব মজিবুর রহমান দুলু, চিত্র সম্পাদক ২৪/ক, আশতখানা লেন, লালবাগ, ঢাকা। | সদস্য |
| ১২. | মিজ মুনমুন আহমেদ, অভিনয় ও নৃত্য শিল্পী, ৪নং লেক সার্কাস (স্কুল রোড) (৩য় তলা), কলাবাগান, (নর্থ ধানমন্ডি), ঢাকা। | সদস্য |
| ১৩. | ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড, ঢাকা। | সদস্য-সচিব |

০২। জুরি বোর্ডের কার্যপরিধি নিম্নরূপ:

(০১) জুরি বোর্ড ২০১৫ সালে মুক্তিপ্রাপ্ত চলচ্চিত্র দেখে পুরস্কারের জন্য চলচ্চিত্র, শিল্পী ও কলা-কুশলীদের নাম সুপারিশ করবে;

(০২) জুরি বোর্ড গঠনের পর বোর্ড পুরস্কারের জন্য চলচ্চিত্র আহবান করে বিজ্ঞপ্তি জারি করবে এবং নির্দিষ্ট সময়ের মধ্যে পুরস্কারের বিবেচনার নিমিত্ত চলচ্চিত্র জমা দেওয়ার জন্য অনুরোধ জানাবে;

(০৩) চলচ্চিত্র সংগ্রহ করার পর জুরি বোর্ড সে সব স্ক্রিনিং, পরীক্ষা, পর্যালোচনা ও মূল্যায়ন করে বিবেচ্য বছরের জাতীয় চলচ্চিত্র পুরস্কারের জন্য সুপারিশমালা প্রণয়ন করে তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ করবে;

(০৪) আজীবন সম্মাননা ব্যতীত অন্য সব ক্ষেত্রে শ্রেষ্ঠত্বের বিচারে প্রয়োজনীয় মনে হলে জুরি বোর্ড একাধিক চলচ্চিত্র ও ব্যক্তিকে পুরস্কার প্রদানের জন্য সুপারিশ করতে পারবে;

(০৫) কোনো ক্ষেত্রে জাতীয় পুরস্কারের জন্য যথাযোগ্য মনে না করলে জুরি বোর্ড সেই ক্ষেত্রে সুপারিশ প্রদান থেকে বিরত থাকতে পারে। তবে এক্ষেত্রে সুপারিশ না করার কারণ উল্লেখ করতে হবে;

(০৬) জুরি বোর্ড পুরস্কারের প্রতিটি ক্ষেত্রে মুখ্য সুপারিশের পাশাপাশি বিকল্প সুপারিশও প্রদান করবে;

(০৭) জুরি বোর্ড পুরস্কারের জন্য সুপারিশকৃত ব্যক্তিদের জীবন-বৃত্তান্ত মন্ত্রিসভা কমিটির সদয় অবগতি ও বিবেচনার জন্য সুপারিশমালার সাথে দাখিল করবে;

(০৮) উপরোক্ত দায়িত্ব সম্পাদনের জন্য প্রয়োজনীয় অন্যান্য ব্যবস্থা ও কার্যক্রম; এবং

(০৯) জাতীয় চলচ্চিত্র পুরস্কার প্রদানের সুপারিশমালা প্রণয়নের ক্ষেত্রে জুরি বোর্ডের নীতিমালা অনুসরণ করতে হবে।

পূর্বপৃষ্ঠার পর-

০৩। নিম্নবর্ণিত ক্ষেত্রসমূহ পুরস্কার প্রদানের জন্য বিবেচিত হবে:

| | | | |
|---|---|---|---|
| ০১ | আজীবন সম্মাননা | ০২ | শ্রেষ্ঠ চলচ্চিত্র |
| ০৩ | শ্রেষ্ঠ স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র | ০৪ | শ্রেষ্ঠ প্রামান্য চলচ্চিত্র |
| ০৫ | শ্রেষ্ঠ চলচ্চিত্র পরিচালক | ০৬ | শ্রেষ্ঠ অভিনেতা প্রধান চরিত্রে |
| ০৭ | শ্রেষ্ঠ অভিনেত্রী প্রধান চরিত্রে | ০৮ | শ্রেষ্ঠ অভিনেতা পার্শ্ব চরিত্রে |
| ০৯ | শ্রেষ্ঠ অভিনেত্রী পার্শ্ব চরিত্রে | ১০ | শ্রেষ্ঠ অভিনেতা/অভিনেত্রী খল চরিত্রে |
| ১১ | শ্রেষ্ঠ অভিনেতা/অভিনেত্রী কৌতুক চরিত্রে | ১২ | শ্রেষ্ঠ শিশু শিল্পী |
| ১৩ | শিশু শিল্পী শাখায় বিশেষ পুরস্কার | ১৪ | শ্রেষ্ঠ সংগীত পরিচালক |
| ১৫ | শ্রেষ্ঠ নৃত্য পরিচালক | ১৬ | শ্রেষ্ঠ গায়ক |
| ১৭ | শ্রেষ্ঠ গায়িকা | ১৮ | শ্রেষ্ঠ গীতিকার |
| ১৯ | শ্রেষ্ঠ সুরকার | ২০ | শ্রেষ্ঠ কাহিনিকার |
| ২১ | শ্রেষ্ঠ চিত্রনাট্যকার | ২২ | শ্রেষ্ঠ সংলাপ রচয়িতা |
| ২৩ | শ্রেষ্ঠ সম্পাদক | ২৪ | শ্রেষ্ঠ শিল্প নির্দেশক |
| ২৫ | শ্রেষ্ঠ চিত্রগ্রাহক | ২৬ | শ্রেষ্ঠ শব্দগ্রাহক |
| ২৭ | শ্রেষ্ঠ পোশাক ও সাজ-সজ্জা | ২৮ | শ্রেষ্ঠ মেক-আপম্যান |

০৪। জুরি বোর্ডের কোনো সদস্য অথবা তার পরিবারের কোনো সদস্যের নাম এই বোর্ড কর্তৃক বিবেচ্য বছরে জাতীয় চলচ্চিত্র পুরস্কারের জন্য বিবেচনাধীন থাকলে সংশ্লিষ্ট সদস্য আর জুরি বোর্ডের সদস্য থাকতে পারবেন না। একই ক্ষেত্রের অন্য কোনো ব্যক্তি তার স্থলাভিষিক্ত হবেন।

০৫। বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড জুরি বোর্ডকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

০৬। নীতিমালা অনুযায়ী সুপারিশ প্রণয়ন করে জুরি বোর্ড আগামী ০২ (দুই) মাসের মধ্যে তথ্য মন্ত্রণালয়ে প্রতিবেদন দাখিল করবে।

০৭। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

( জি. এন. নজমুল হোসেন খান)
উপসচিব (চলচ্চিত্র)
ফোন- ৯৫৪০৪৬৩
E-mail- sas.flm@moi.gov.bd

নং-১৫.০০.০০০০.০২৭.২৩.০২৩.১৫.৬৪৩(২৫)

তারিখঃ ২৪ আশ্বিন ১৪২৩ / ০৯ অক্টোবর ২০১৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জনাব সরাফ উদ্দিন আহমেদ, অতিরিক্ত সচিব, তথ্য মন্ত্রণালয় ও সভাপতি, জুরি বোর্ড, ঢাকা।
৩। জুরি বোর্ডের সকল সদস্য।
৪। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন, তেজগাঁও, ঢাকা।
৫। ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড ও সদস্য-সচিব, জুরি বোর্ড, ঢাকা।
৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা(বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, তথ্য মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন.বাগিচা, ঢাকা।
১১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও চলচ্চিত্র) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

( জি.এন.নজমুল হোসেন খান )
উপসচিব